

# গোয়েন্দা প্রকাশ

ও অপারেশন ব্রহ্মকমল

ছন্দা বিশ্বাস



GOYENDA PARASAR  
O OPERATION BRAHMAKAMAL

*A Bengali Thriller*

By Chhanda Biswas

First Published  
January, 2026

ISBN 978-81-7572-233-0

Price ₹ 245

প্রথম প্রকাশ  
জানুয়ারি, ২০২৬

প্রচ্ছদ আর্ট ক্রিয়েশন

দাম ₹ ২৪৫

পুনশ্চ, ১১৪ এন, ডা. এস. সি. ব্যানার্জি রোড, কলকাতা - ৭০০ ০১০ থেকে  
সন্দীপ নায়ক কর্তৃক প্রকাশিত এবং শিবানী প্রিন্টিং ১৭এ, স্যার গুরুদাস রোড,  
কলকাতা - ৭০০ ০৫৪ থেকে মুদ্রিত ফোন - ৮৯১০২৮৩৪৪৮  
Email: [punaschabooks@gmail.com](mailto:punaschabooks@gmail.com)  
Web: [www.punaschabooks.com](http://www.punaschabooks.com)

শ্রদ্ধেয় সাহিত্যিক  
শীর্ষেন্দু মুখোপাধ্যায় কে



## কলকাতা, ব্ল্যাক প্যান্থার সিক্রেট এজেন্সি

ঘড়ির কাঁটায় দুপুর দুটো। গোয়েন্দা পরাশর অরণ্য দমদম রোডে 'ব্ল্যাক প্যান্থার সিক্রেট এজেন্সি'র চেম্বারে বসে আপন মনে কাজ করছেন। মাথার ভিতরে পরিযায়ী চিন্তারা ভিড় করে আছে।

স্টাফরা টিফিন করতে ভিতরের ঘরে গেছে।

আজ সকালের দিকে একজন ভদ্রলোক এসেছিলেন পরাশরের সঙ্গে দেখা করতে।

সমস্যার কথা জানতে চাইলে ভদ্রলোক জানালেন, প্রায় তিনমাস আগে তাঁর ছেলে খুন হয়। ছেলেটি তার বাগদত্তা প্রেমিকাকে নিয়ে সেই রাতে একটা পার্টিতে গিয়েছিল। আনুমানিক সাড়ে দশটার দিকে ফেরার পথে মেয়েটিকে কসবাতে ওদের বাড়িতে নামিয়ে সে বাইপাস হয়ে বাড়িতে ফিরছিল।

পুলিশের অনুমান ফেরার পথে দুষ্কৃতির ছেলেটিকে গুলি করে খুন করে। গাড়িটা রাস্তার উপরে পড়ে ছিল।

প্রায় এক সপ্তাহ হয়ে গেল অথচ কেউই অ্যারেস্ট হল না।

কয়েকদিন এটা নিয়ে সংবাদপত্রে লেখালিখি হল তারপরে বিষয়টা ধামাচাপা পড়ে যায়।

সেদিন অনেক রাত হয়ে যাওয়ায় তিনি ছেলের কাছে ফোন করেন। রিং হচ্ছে কিন্তু ছেলে ফোন তুলছে না দেখে তিনি তখন তাঁর হবু পুত্রবধূর কাছে ফোন করেন।

মেয়েটি জানায়, সাড়ে দশটার সময়ে তাকে বাড়ির সামনে ড্রপ করে ছেলেটি বাড়ির দিকে রওনা দিয়েছে।

এরপরে মেয়েটি কসবা থানায় ফোন করে ঘটনাটা জানায়।

কসবা থানার পুলিশ মেয়েটির নির্দেশিত পথে খুঁজতে বেরিয়ে পড়েন।

কিছু সময় বাদে থানা থেকে ফোন আসে। পুলিশ জানান, বাইপাসের ধারে একজন যুবককে মৃত অবস্থায় পাওয়া গেছে।

পরাশর লক্ষ করলেন, এই ঘটনায় খুবই ভেঙে পড়েছেন ভদ্রলোক।